গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

এবং

সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

# সূচিপত্র


| | |
|---|---|
| দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| প্রস্তাবনা | ৪ |
| সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১২ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১৩ |
| সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা | ১৫ |

# দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Departement of Disaster Management)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের তত্বাবধানে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর দুর্যোগ ঝুঁকিহ্রাস কর্মসূচি গ্রহণ এবং কার্যকর দুর্যোগ ব্যবস্থাপনা কাঠামো গড়ে তোলার মাধ্যমে দেশের জনগণের দুর্যোগ ঝুঁকিহ্রাস এবং দুর্যোগজনিত ক্ষয়ক্ষতি মোকাবেলা ও সামাজিক নিরাপত্তামূলক কর্মকান্ড পরিচালনা করে থাকে। গত ৩ বছরে মোট ২৫৬টি বহুমুখী ঘূর্ণিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হয়েছে। গ্রামীন রাস্তায় কম/বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট প্রকল্পের মাধ্যমে ১০,০৭৭ টি সেতু/কালভার্ট নির্মাণ করা হয়েছে। গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) প্রকল্পের আওতায় ১৫১৬০.০০ লক্ষ টাকা ব্যয়ে ১৩০৭টি প্রকল্প বাস্তবায়নাধীন আছে। এছাড়াও অনুসন্ধান ও উদ্ধার কার্যক্রমের জন্য ১৩১২৩.০৫ লক্ষ টাকা ব্যয়ে যন্ত্রপাতি ক্রয়পূর্বক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এবং আমর্ড ফোর্সেস ডিভিশন এর মধ্যে বিতরণ করা হয়েছে। আইভিআর প্রযুক্তি আরও উন্নয়নের মাধ্যমে যে কোন মোবাইল ফোনে ১০৯০ নম্বরে ডায়াল করে হালনাগাদ দুর্যোগের পূর্বাভাস ও আবহাওয়া বার্তা জানানোর ব্যবস্থা গ্রহণ এবং গ্রামীণ ফোন ও টেলিটক থেকে এ সেবা টোল ফ্রি করা হয়েছে। অতি দরিদ্রদের কর্মসূচির আওতায় হতদরিদ্র গ্রামীণ কর্মহীন মানুষের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বছরে দুই মৌসুমে ৪০ দিন করে মোট ৮০ দিনের কর্মসংস্থান নিশ্চিত করার ব্যবস্থা নেওয়া হয়েছে, যার এক তৃতীয়াংশ মহিলা। যে কোন দুর্যোগের ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরূপণের জন্য Damage and Need Assessment (DNA) Cell এবং যে কোন আপদের ঝুঁকি ও বিপদাপন্নতা নিরূপণে Multi-Hazard Risk Vulnerability Assessment (MRVA) Modeling & Mapping Cell প্রতিষ্ঠা করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

জলবায়ু পরিবর্তনের কারণে ঘূর্ণিঝড়, বন্যা, হাওর অঞ্চলের আকস্মিক বন্যা, খরা, নদী ভাঙ্গন, জলোচ্ছাস, অগ্নিকান্ড, বজ্রপাত ও ভূমিধ্বসসহ বিভিন্ন প্রাকৃতিক এবং নতুন নতুন দুর্যোগের মাত্রা বৃদ্ধি পাচ্ছে। এতে বিশেষ করে দরিদ্র মানুষের দুর্ভোগ বাড়ছে। দুর্যোগের ঝুঁকিহ্রাস এবং দুর্যোগ মোকাবেলায় পূর্ব প্রস্তুতি দুর্যোগের ক্ষয়ক্ষতি হ্রাস করে। এক্ষেত্রে চ্যালেঞ্জ হল বিভিন্ন আপদের ফলে সৃষ্ট দুর্যোগে জনগণের করণীয় বিষয়ে সচেতনতা বৃদ্ধি, দুর্যোগ মোকাবেলায় কলা-কৌশল রপ্ত করা, গবেষণা ও প্রযুক্তির যথার্থ ব্যবহার এবং সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সমন্বিত সার্বিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা। আরেকটি সমস্যা হল বিভিন্ন সংস্থার সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচির সমন্বয়হীনতা। এসকল সমস্যা মোকাবেলায় আন্তর্জাতিক পর্যায়ে প্রতিষ্ঠিত নন্দিত চর্চাগুলো (Best Practices) ছড়িয়ে দেয়ার লক্ষ্যে বৈজ্ঞানিক, প্রযুক্তিবিদ, শিক্ষাবিদ এবং বেসরকারি খাতের সাথে অংশীদারিত্বের উপর গুরুত্বারোপ করা হচ্ছে। এর মাধ্যমে সফল প্রচেষ্টাগুলোর ব্যাপক প্রচলন এবং দুর্যোগ মোকাবেলায় বিভিন্ন দেশের অভিজ্ঞতা অভিযোজনের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধির প্রয়াসে এ অধিদপ্তর হতে বিভিন্ন পরিকল্পনা হাতে নেয়া হয়েছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা ২০১৬-২০ ইতোমধ্যে প্রণীত হয়েছে। এই পরিকল্পনা অনুযায়ী সকল প্রকার দুর্যোগে কার্যকর সাড়াদানের জন্য প্রস্তুতি শক্তিশালী করা এবং Build Back Better পদ্ধতিতে পুনরুদ্ধার, পুনর্বাসন ও পুনর্গঠন কার্যক্রম বাস্তবায়ন করা হবে। দুর্যোগ কবলিত মানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিত এবং গ্রামীণ অতিদরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির প্রচেষ্টা জোরদার করা হবে। এছাড়া, দুর্যোগ কবলিত জনগণের ঝুঁকিহ্রাসকল্পে বন্যাপ্রবণ অঞ্চলে ৪২৩টি বহুমুখী বন্যা আশ্রয়কেন্দ্র এবং উপকূলীয় এলাকায় আরও ২২০টি বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হবে। জনগণকে সচেতন করার জন্য সারাদেশে দুর্যোগ মহড়া ও প্রশিক্ষণ অব্যাহত রাখা হবে। এছাড়া সংশ্লিষ্ট সংস্থাসমূহকে জরুরী উদ্ধার কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও যানবাহন এবং জরুরী চিকিৎসা সেবা উপকরণ সরবরাহের পরিকল্পনা হাতে নেয়া হচ্ছে। নগর ঝুঁকিহ্রাসে প্রশিক্ষণ প্রদান এবং জরুরী সাড়াপ্রদান ও যোগাযোগ কেন্দ্র (ERCC) স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে। DNA Cell এর মাধ্যমে যে কোন দুর্যোগে ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরুপণ অনলাইনে সম্পন্ন করা হবে। MRVA Cell এর মাধ্যমে যে কোন উন্নয়ন কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে বিভিন্ন আপদের ঝুঁকি মানচিত্র ব্যবহারে সংশ্লিষ্টদের উদ্বুদ্ধ করা হবে।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ন্যাশনাল ইমারজেন্সি অপারেশন সেন্টার (এনইওসি) প্রতিষ্ঠার জন্য স্থান নির্বাচনসহ প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়ন করা;
- জরুরী সাড়াপ্রদান ও যোগাযোগ কেন্দ্র (ERCC) স্থাপন;
- অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান সৃষ্টি;
- দুর্যোগ প্রতিরোধ সক্ষমতা বৃদ্ধির জন্য অবকাঠামো নির্মাণ (বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র/ বন্য আশ্রয়কেন্দ্র, মুজিব কিল্লা, হেরিংবোন বন্ড রাস্তা, ক্ষুদ্র ও মাঝারি আকারের ব্রিজ/কালভার্ট);
- ৬৬টি জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র নির্মাণ;
- জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন প্রতিষ্ঠায় গৃহীত পদক্ষেপ বাস্তবায়ন এবং
- মানবিক সহায়তা কার্যক্রমের আওতা বৃদ্ধি।

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

এবং

সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১:

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

### ১.১ রূপকল্প (Vision):

প্রাকৃতিক, জলবায়ুজনিত ও মনুষ্যসৃষ্ট দুর্যোগের ক্ষতিকর প্রভাব বিপদাপন্ন জনগোষ্ঠীর সহনীয় পর্যায়ে কমিয়ে এনে দারিদ্র হ্রাস।

### ১.২ অভিলক্ষ (Mission):

দুর্যোগ ব্যবস্থাপনার সার্বিক সক্ষমতা শক্তিশালীকরণের মাধ্যমে জনগণের বিশেষ করে দরিদ্র ও দুর্দশাগ্রস্ত জনগোষ্ঠির ঝুঁকি ও বিপদাপন্নতা হ্রাস এবং বড় মাত্রার দুর্যোগ মোকাবেলায় সক্ষম একটি দক্ষ জরুরি সাড়া প্রদান পদ্ধতি প্রতিষ্ঠা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. ঝুঁকিতে থাকা জনগোষ্ঠির সক্ষমতা বৃদ্ধি ও বিপদাপন্নতা হ্রাস;
২. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা শক্তিশালীকরণ;
৩. দুর্যোগ ও জলবায়ুজনিত পরিবর্তনের অভিযোজন প্রক্রিয়ার উন্নয়ন।
৪. জরুরী সাড়াদান পদ্ধতি শক্তিশালীকরণ;
৫. দুর্যোগ ব্যবস্থাপনা পদ্ধতিতে পেশাদারিত্বের উন্নয়ন;

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কার্যপদ্ধিতি, কর্ম পরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৩. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ
৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. দুর্যোগ ঝুঁকি ও বিপদাপন্নতা হ্রাস ও জরুরি সাড়া প্রদান সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;
২. সামাজিক নিরাপত্তা কর্মসূচির ডাটাবেজ প্রস্তুত ও সংরক্ষণ করা;
৩. দুর্যোগ ঝুঁকিহ্রাস পরিকল্পনা প্রণয়ন, প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম গ্রহণ এবং এর সঙ্গে সম্পৃক্ত স্থানীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন উন্নয়ন সহযোগিদের মধ্যে সমন্বয় সাধন, পর্যবেক্ষণ ও মূল্যায়ন;
৪. দুর্যোগের সময় ঝুঁকি কমানোর লক্ষ্যে জনসাধারণ, সরকারি কর্মচারী এবং বিভিন্ন পেশার লোকদের সচেতন করতে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা।
৫. বিভিন্ন মন্ত্রণালয়, স্থানীয় কর্তৃপক্ষ, প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও এনজিওর সহযোগিতায় সরকারি কর্মকর্তা/কর্মচারী, নির্বাচিত জনপ্রতিনিধি এবং অন্যদের দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ দেয়া।
৬. আবহাওয়া সতর্ক সংকেত সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচারাভিযান নিশ্চিত করা।
৭. কাজের বিনিময়ে টাকা (গ্রামীণ অবকাঠামো সংস্কার) কর্মসূচি, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টেষ্ট রিলিফ), ভিজিএফ, জিআর এবং এ ধরনের অন্যান্য কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে মানবিক সহায়তা প্রদান;
৮. অতি দরিদ্রদের ঝুঁকিহ্রাসকল্পে বছরের বিভিন্ন সময়ে কর্মাভাবকালে (Lean Period) কর্মসংস্থান নিশ্চিত করা;
৯. বৈদেশিক সূত্র হতে প্রাপ্ত খাদ্য ও অন্যান্য জরুরি মানবিক সহায়তা ব্যবহার ও বিতরণ সংক্রান্ত বিষয়ে সমন্বয় সাধন;
১০. দুর্যোগ ঝুঁকি হ্রাসকল্পে ক্ষুদ্র ব্রিজ/কালভার্ট এবং বহুমুখী ঘুর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ ও মেরামত;
১১. জলবায়ু পরিবর্তনের প্রভাবের কারণে দুর্যোগ সম্পৃক্ত অভিযোজন কর্মসূচি/প্রকল্প বাস্তবায়ন;
১২. দুর্যোগকালীন সময়ে আশ্রয়কেন্দ্রে মানুষ ও গবাদি পশুর যাতায়াতে সহায়তার জন্য ব্রিজ/কালভার্ট নির্মাণ।

## সেকশন ২

## দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তিবছর ২০১৬-১৭ | প্রকৃত অর্জন * ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| দুর্যোগ বিপদাপন্ন জনগোষ্ঠীর ঝুঁকিহ্রাস | আশ্রয়কেন্দ্রের আয়তন | হাজার বর্গ মিটার | ৬৫.০ | ৭০.০ | ১০০.০ | ১০০.০ | ১৫০.০ | স্থানীয় সরকার বিভাগ/ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় । | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান | উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ৭.৫০ | ৭.৬০ | ৭.৫০ | ৭.৪০ | ৭.৩৫ | অর্থ বিভাগ/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় |
| দুর্যোগ আক্রান্তদের খাদ্য নিরাপত্তা | উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ২৬০.০ | ২৭০.০ | ২৬০.০ | ২৭০.০ | ২৭৫.০ | খাদ্য মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০১৯-২০ | ২০২০-২১ |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] ঝুঁকিতে থাকা জনগোষ্ঠির সক্ষমতা বৃদ্ধি ও বিপদাপন্নতা হ্রাস; | ৪০ | [১.১] গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (কাবিটা) | [১.১.১] উপকারভোগী | সংখ্যা (লক্ষ জনে) | ৬.০০ | ১৩.০০ | ১৩.২৫ | ১৩.৫০ | ১৩.৪৫ | ১৩.৪০ | ১৩.৩৫ | ১৩.৩০ | ১৩.৬০ | ১৩.৭০ |
| | | [১.২] গ্রামীণ অবকাঠামো সমূহের রক্ষণাবেক্ষণ (টিআর/ নগদ) | [১.২.১] উপকারভাগী | (লক্ষ জনে) | ৬.০০ | ১৪.২৫ | ১৪.৩৫ | ১৪.৫০ | ১৪.৪৫ | ১৪.৪০ | ১৪.৩৫ | ১৪.৩০ | ১৪.৬০ | ১৪.৭০ |
| | | [১.৩] ভিজিএফ এর মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ | [১.৩.১] উপকারভাগী | (লক্ষ জনে) | ৬.০০ | ২৬০ | ২৭০ | ২৬০ | ২৫৮ | ২৫৬ | ২৫৪ | ২৫২ | ২৭০ | ২৭৫ |
| | | [১.৪] অতি দরিদ্র জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থান সৃষ্টি | [১.৪.১] উপকারভাগী | (লক্ষ জনে) | ৫.০০ | ৭.৫০ | ৭.৬০ | ৭.৫০ | ৭.৪৮ | ৭.৪৬ | ৭.৪৪ | ৭.৪২ | ৭.৪০ | ৭.৩৫ |
| | | [১.৫] বিপদাপন্নতা হ্রাসে মানবিক সহায়তা কর্মসূচি | [১.৫.১] উপকারভাগী | (লক্ষ জনে) | ৫.০০ | ৩৫.০০ | ৩৬.০০ | ৩৬.৫০ | ৩৬.৪০ | ৩৬.৩০ | ৩৬.২০ | ৩৬.১০ | ৩৭.০০ | ৩৭.৫০ |
| | | [১.৬] ক্ষুদ্র ও মাঝারি আকারের ব্রিজ/ কালভার্ট নির্মাণ | [১.৬.১] নির্মিত ব্রিজ/কালভার্ট | হাজার মিটার | ৩.০০ | ৩২.০০ | ২০.০০ | ২০.০০ | ১৯.০০ | - | - | - | - | - |
| | | [১.৭] বহুমুখী ঘূর্ণিঝড়/ বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ | [১.৭.১] নির্মিত আশ্রয়কেন্দ্র | হাজার বর্গমিটার | ৩.০০ | ৬৫.০০ | ৭০.০০ | ১০০.০০ | ৯৫.০০ | ৯০.০০ | ৮৫.০০ | ৮০.০০ | ১০০.০০ | ১৫০.০০ |
| | | [১.৮] ঝুকিতেঁ থাকা জনগোষ্ঠি ও গবাদি পশুর আশ্রয়ের জন্য মুজিব কিল্লা নির্মাণ প্রকল্প অনুমোদন | [১.৮.১] প্রকল্প অনুমোদিত | তারিখ | ১.০০ | - | - | ০২.১২.১৮ | ০৯.১২.১৮ | ১৬.১২.১৮ | ২৩.১২.১৮ | ৩০.১২.১৮ | - | - |
| | | [১.৯] ত্রাণ সামগ্রী সংরক্ষণের জন্য ত্রাণ গুদাম নির্মাণের দরপত্র আহবান | [১.৯.১] দরপত্র আহবানকৃত | তারিখ | ১.০০ | | | ২০.১১.১৮ | ৩০.১১.১৮ | ১০.১২.১৮ | ২০.১২.১৮ | ৩০.১২.১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | ২০১৯-২০ | ২০২০-২১ |
| | | [১.১০] গ্রামীণ এলাকায় হেরিংবোন বন্ড রাস্তা নির্মাণ | [১.১০.১] নির্মিত হেরিং বোন বন্ড রাস্তা | কিঃমিঃ | ৩.০০ | | ৭০০ | ১২৫০ | ১২০০ | ১১৫০ | ১১০০ | ১০৫০ | ১৪০০ | ১৫০০ |
| | | [১.১১] আরবান রেজিলিয়েন্স প্রকল্পের মাধ্যমে নগর ঝুকিঁ ব্যবস্থাপনার উন্নয়ন | [১.১১.১] প্রশিক্ষণ কার্যক্রম শুরু | তারিখ | ১.০০ | | | ১৫.১২.১৮ | ২২.১২.১৮ | ৩০.১২.১৮ | ০৭.০১.১৯ | ১৫.০১.১৯ | | |
| [২] প্রাতিষ্ঠানিক ব্যবস্থা শক্তিশালীকরণ; | ১৫ | [২.১] ন্যাশনাল ডিজাষ্টার ম্যানেজমেন্ট ইনফরমেশন সিষ্টেম ওয়েবসাইট হালনাগাদকরণ | [২.১.১] ওয়েব সাইট হালনাগাদকৃত | তারিখ | ৫.০০ | | | ০১.১২.১৮ | ১৫.১২.১৮ | ৩০.১২.১৮ | ১৫.০১.১৯ | ৩০.০১.১৯ | | |
| | | [২.২] সাইক্লোন শেল্টার ডাটাবেজ হালনাগাদকরণ | [২.২.১] হালনাগাদকৃত | তারিখ | ৫.০০ | | | ০১.১২.১৮ | ১৫.১২.১৮ | ৩০.১২.১৮ | ১৫.০১.১৯ | ৩০.০১.১৯ | | |
| | | [২.৩] দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় অতিদরিদ্রদের জন্য প্রস্তুতকৃত উপকারভোগীদের এমআইএস হালনাগাদ করণ | [২.৩.১] হালনাগাদকৃত | তারিখ | ৫.০০ | | | ০১.১২.১৮ | ১৫.১২.১৮ | ৩০.১২.১৮ | ১৫.০১.১৯ | ৩০.০১.১৯ | | |
| [৩] দুর্যোগ ও জলবায়ুজনিত পরিবর্তনের অভিযোজন প্রক্রিয়ার উন্নয়ন | ১০ | [৩.১] দুর্যোগ ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর জন্য সোলার প্যানেল স্থাপন | [৩.১.১] সোলার প্যানেল | সংখ্যা | ৫.০০ | ৭০০০ | ১২০০০ | ৫০০০০ | ৪৫০০০ | ৪০০০০ | ৩৫০০০ | ৩০০০০ | ৬০০০০ | ৭০০০০ |
| | | [৩.২] দুর্যোগ পরবর্তী সময়ে ভিকটিমদের সাইকোসোশাল বিষয়ে কাউন্সিলিং প্রদান | [৩.২.১] উপকারভোগী | সংখ্যা | ৫.০০ | | | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ২৫ | ৩০ |
| [৪] জরুরী সাড়াদান পদ্ধতি শক্তিশালীকরণ | ৫ | [৪.১] জেলাসমূহের শিক্ষা প্রতিষ্ঠানে দুর্যোগ মহড়ার আয়োজন | [৪.১.১] আয়োজিত মহড়া | সংখ্যা | ৫.০০ | ৭০ | ৮০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১২০ | ১৪০ |
| [৫] দুর্যোগ ব্যবস্থাপনা পদ্ধতিতে পেশাদারিত্বের উন্নয়ন | ৫ | [৫.১] দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়সহ অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান | [৫.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা | সংখ্যা | ৫.০০ | ২৫০ | ৩০০ | ৩৫০ | ৩৪০ | ৩৩০ | ৩২০ | ৩১০ | ৪০০ | ৪৫০ |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০১৮-১৯
## (মোট মান-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **কৌশলগত উদ্দেশ্য** | **কৌশলগত উদ্দেশ্যের মান** | **কার্যক্রম** | **কর্মসম্পাদন সূচক** | **একক** | **কর্মসম্পাদন সূচকের মান** | **লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-১৬** | | | | |
| | | | | | | **অসাধারণ** | **অতিউত্তম** | **উত্তম** | **চলতি মান** | **চলতি মানের নিম্নে** |
| | | | | | | **১০০%** | **৯০%** | **৮০%** | **৭০%** | **৬০%** |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি ২০১৯ | ২৪ জানুয়ারি ২০১৯ | ২৮ জানুয়ারি ২০১৯ | ৩১ মার্চ ২০১৯ | ৩০ এপ্রিল ২০১৯ |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্ত কার্যালয়সমূহের উদ্ভাবনী ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | কার্যালয়সমূহের উদ্ভাবনী ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি ২০১৯ | ১১ ফেব্রুয়ারি ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি ২০১৯ | ০৪ মার্চ ২০১৯ |
| | | | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল ২০১৯ | ২২ এপ্রিল ২০১৯ | ০২ মে ২০১৯ | ১৬ মে ২০১৯ | ৩০ মে ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেনস্ চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর ২০১৮ | ১৫ জানুয়ারি ২০১৯ | ০৭ ফ্রেবুয়ারি ২০১৯ | ১৭ ফ্রেবুয়ারি ২০১৯ | ২৮ ফ্রেবুয়ারি ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফ্রেবুয়ারি ২০১৯ | ১১ ফ্রেবুয়ারি ২০১৯ | ১৮ ফ্রেবুয়ারি ২০১৯ | ২৫ ফ্রেবুয়ারি ২০১৯ | ০৪ মার্চ ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা | তারিখ | ১ | ০৩ | ১১ ফ্রেবুয়ারি | ১৮ ফ্রেবুয়ারি | ২৫ ফ্রেবুয়ারি | ০৪ মার্চ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-১৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | | হালনাগাদকৃত | | | ফেব্রুয়ারি ২০১৯ | ২০১৯ | ২০১৯ | ২০১৯ | ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর অন্তর্ভূক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর ২০১৮ | ৩১ অক্টোবর ২০১৮ | ১৫ নভেম্বর ২০১৮ | ২৯ নভেম্বর ২০১৮ | ০৬ ডিসেম্বর ২০১৮ |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয় সঙ্গে ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | - | - |
| | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি ২০১৯ | ২০ জানুয়ারি ২০১৯ | ২১ জানুয়ারি ২০১৯ | ২২ জানুয়ারি ২০১৯ | ২৩ জানুয়ারি ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগে দাখিল | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি ২০১৯ | ৩১ জানুয়ারি ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি ২০১৯ | ১১ ফেব্রুয়ারি ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা * | ১ | ৬০ | - | - | - | - |

* জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

*** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

**** মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধচার অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

আমি, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১৯/০৬/২০১৮
তারিখ

সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১৯/০৬/২০১৮
তারিখ

**সংযোজনী-১**

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইভিআর | ইন্টারেকটিভ ভয়েস রেসপন্স |
| ২ | এসএমএস | শর্ট মেসেজ সার্ভিস |
| ৩ | এনইওসি | ন্যাশনাল ইমার্জেন্সি অপারেশন সেন্টার |
| ৪ | কাবিখা | কাজের বিনিময়ে খাদ্য |
| ৫ | কাবিটা | কাজের বিনিময়ে টাকা |
| ৬ | টিআর | টেষ্ট রিলিফ |
| ৭ | ভিজিএফ | ভালনারেবল গ্রুপ ফিডিং |
| ৮ | এনডিএমআইএস | ন্যাশনাল ডিজাষ্টার ম্যানেজমেন্ট ইনফরমেশন সিষ্টেম |
| ৯ | এনডিআরসিসি | ন্যাশনাল ডিজাষ্টার রেসপন্স কোর্ডিনেশন সেন্টার |
| ১০ | এমআরভিএ | মাল্টিহ্যাজার্ড রিস্ক ভালনারেবিলিটি এসেমেন্ট |
| ১১ | ডিএনএ | ড্যামেজ এন্ড নীড এ্যাসেসমেন্ট |
| ১২ | সিপিপি | সাইক্লোন প্রিপায়ের্ডনেস প্রোগ্রাম |
| ১৩ | এসওডি | ষ্ট্যান্ডিং অর্ডারস অন ডিজাষ্টারস |
| ১৪ | এমআইএস | মনিটরিং ইনফরমেশন সিষ্টেম |
| ১৫ | এসএনএসপি | |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (কাবিটা) | [১.১.১] উপকারভোগী | গ্রামীণ এলাকায় কর্মসংস্থান সৃষ্টি এবং অবকাঠামো নির্মাণ/পুনঃনির্মাণ এ কর্মসূচি নেয়া হয়। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.২] গ্রামীণ অবকাঠামো সমূহের রক্ষণাবেক্ষণ (টিআর) | [১.২.১] উপকারভাগেী | শহর/গ্রামীণ এলাকায় কর্মসংস্থান সৃষ্টি এবং অবকাঠামো রক্ষণাবেক্ষণে এ কর্মসূচি নেয়া হয়। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৩] ভিজিএফ এর মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ | [১.৩.১] উপকারভাগেী | দুর্যোগকালে ও দুর্যোগের অব্যবহিত পরে দুর্দশাগ্রস্ত ও অস্বচ্ছল ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানসমূহে এবং স্বাভাবিক অবস্থায় দুঃস্থ ও অতিদরিদ্র ব্যক্তি/পরিবারসমূহের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে এ কর্মসূচি গৃহীত হয়। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৪] অতি দরিদ্র জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থান সৃষ্টি | [১.৪.১] উপকারভাগেী | গ্রামীণ এলাকায় অতিদরিদ্রদের কর্মহীন সময়ে বছরে ৪০ দিন করে দু'পর্যায়ে ৮০ দিনের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৫] বিপদাপন্নতা হ্রাসে মানবিক সহায়তা কর্মসূচি | [১.৫.১] উপকারভাগেী | দুর্যোগে ক্ষতিগ্রস্ত পরিবার অথবা দুর্যোগে/দুর্ঘটনায় আহত/নিহত ব্যক্তির অস্বচ্ছল পরিবারকে তাৎক্ষণিকভাবে নগদ সাহায্য প্রদান। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৬] ক্ষুদ্র ও মাঝারি আকারের ব্রিজ/ কালভার্ট নির্মাণ | [১.৬.১] নির্মিত ব্রিজ/কালভার্ট | গ্রামীণ এলাকায় জলাবদ্ধতা দুরীকরণের মাধ্যমে দুর্যোগ ঝুঁকিহ্রাস করা। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৭] বহুমুখী ঘূর্ণিঝড়/ বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ | [১.৭.১] নির্মিত আশ্রয়কেন্দ্র | গ্রামীণ এলাকায় ঘূর্ণিঝড় উপদ্রুত নাগরিকদের এবং বন্যাপ্রবণ এলাকায় দুর্গত মানুষের ঝুঁকিহ্রাসের জন্য এ ধরনের আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হচ্ছে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৮] ঝুঁকিতে থাকা জনগোষ্ঠি ও গবাদি পশুর আশ্রয়ের জন্য মুজিব কিল্লা নির্মাণ | [১.৮.১] নির্মিত মুজিব কিল্লা | উপকূলীয় এলাকায় দুর্গত মানুষ এবং গবাদি পশুর আশ্রয়ের জন্য মুজিব কিল্লা নির্মাণ করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৯] ত্রাণ সামগ্রী সংরক্ষণের জন্য ত্রাণ গুদাম নির্মাণ | [১.৯.১] নির্মিত ত্রাণ গুদাম | দুর্যোগ ও দুর্যোগপূর্ব সময় প্রয়োজনীয় ত্রাণ সামগ্রী বিতরণের উদ্দেশ্যে ত্রাণ সামগ্রী সংরক্ষণের জন্য ত্রাণ গুদাম নির্মাণ করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.১০] গ্রামীণ এলাকায় হেরিং | [১.১০.১] নির্মিত | গ্রামীণ এলাকায় মাটির রাস্তায় স্থায়িত্ব বৃদ্ধি এবং | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ | সেকশন-৩ এ নির্ধারিত কলামে | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| বোন বন্ড রাস্তা নির্মাণ | হেরিং বন্ড বোন রাস্তা | যোগাযোগ সুবিধা নিশ্চিত করার জন্য উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হবে। | মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.১১] আরবান রেজিলিয়েন্স প্রকল্পের মাধ্যমে নগর ঝুঁকি ব্যবস্থাপনার উন্নয়ন | [১.১১.১] প্রশিক্ষণ কার্যক্রম শুরু | নগর ঝুঁকিহ্রাস করার জন্য নগর স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ প্রদান করার জন্য এ ধরণের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [২.১] ন্যাশনাল ডিজাষ্টার ম্যানেজমেন্ট ইনফরমেশন সিষ্টেম ওয়েবসাইট হালনাগাদকরণ | [২.১.১] ওয়েব সাইট হালনাগাদকৃত | দুর্যোগ সংক্রান্ত তথ্য অধিকার নিশ্চিত করার জন্য প্রস্তুতকৃত ওয়েবসাইট হালনাগাদ করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [২.২] সাইক্লোন শেল্টার ডাটাবেজ হালনাগাদকরণ | [২.২.১] হালনাগাদকৃত | দুর্যোগকালীন আশ্রয় গ্রহণে সহায়তার জন্য প্রস্তুতকৃত আশ্রয়কেন্দ্রের সাথে নতুন প্রস্তুতকৃত আশ্রয়কেন্দ্রের তালিকা অন্তর্ভূক্ত করার জন্য ডাটাবেজ হালনাগাদ করা প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [২.৩] দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় অতিদরিদ্রদের জন্য প্রস্তুতকৃত উপকারভোগীদের এমআইএস হালনাগাদ করণ | [২.৩.১] হালনাগাদকৃত | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা কর্মসূচির সঠিক হিসাব রক্ষণের জন্য এসএনএসপি এমআইএস প্রস্তুত প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | মন্ত্রণালয়ের ওয়েবসাইট এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [৩.১] দুর্যোগ ঝুঁকিতে থাকা জনগোষ্ঠীর জন্য সোলার প্যানেল স্থাপন | [৩.১.১] সোলার প্যানেল | বিদ্যুত ও নবায়ন যোগ্য জ্বালানীর চাহিদা পূরণ করে গ্রামীণ এলাকায় জনগণের জীবনমান উন্নয়নে সোলার প্যানেল স্থাপন করা হচ্ছে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [৩.২] দুর্যোগ পরবর্তী সময়ে ভিকটিমদের সাইকোসোশাল বিষয়ে কাউন্সিলিং প্রদান | [৩.২.১] উপকারভোগী | দুর্যোগ পরবর্তী ভিকটিমদের সাইকোসোশাল বিষয়ে কাউন্সিলিং অত্যন্ত জরুরী। এ বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বিশেষ উদ্যোগে বেশকিছু কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তারা বিভিন্ন দুর্যোগে ভিকটিমদের সাইকোসোশাল ভিষয়ে কাউন্সিলিং প্রদান করছে এবং ভবিষ্যতে ও করবে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের রিপোর্ট |
| [৪.১] জেলাসমূহের শিক্ষা প্রতিষ্ঠানে দুর্যোগ মহড়ার আয়োজন | [৪.১.১] আয়োজিত মহড়া | জনগণকে সচেতন ও দুর্যোগ প্রস্তুতির জন্য এ মহড়া প্রয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [৫.১] দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর সহ অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান | [৫.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা | দুর্যোগ ঝুঁকিহ্রাস, পূর্ব প্রস্তুতি,পূর্বাভাস ও সতর্কীকরণ পদ্ধতি এবং দুর্যোগ পরবর্তী পুনরুদ্ধার কার্যক্রমে এ মন্ত্রণালয়সহ অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের পেশাদারি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজন। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সেকশন-৩ এ নির্ধারিত কলামে বর্ণিত লক্ষ্যমাত্রা/নির্ণায়ক বিবেচনার ভিত্তিতে। | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | খাদ্য মন্ত্রণালয় | উপকারভোগী | সময় মতো খাদ্য সরবরাহ নিশ্চিত করা | কর্মসূচিটি খাদ্য সহায়তামূলক | উন্নয়ন কার্যক্রম বিলম্বিত হওয়ার শঙ্কা আছে এবং খাদ্য নিরাপত্তা বিঘ্নিত হওয়ার আশঙ্কাসহ বিপদাপন্নতা বৃদ্ধি পেতে পারে। |
| বিভাগ | বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সোলার প্যানেল | মানসম্মত সোলার প্যানেল প্রাপ্তি | সোলার প্যানেলের প্রাপ্যতা, গ্রহণযোগ্যতা ও স্থায়িত্ব নিশ্চিত করা। | জনগণের আস্থা অর্জন বিঘ্নিত হবার আশঙ্কা আছে। |
| মন্ত্রণালয় | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | আয়োজিত মহড়া | বর্ণিত মন্ত্রণালয়ের সাথে সংযুক্ত স্বেচ্ছাসেবকদের দুর্যোগে কাজে লাগানো। | দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে দ্রুত ও সমন্বিত উদ্ধার কাজ পরিচালনা | উদ্ধার কার্যক্রম বিলম্বিত হওয়ার আশঙ্কা আছে এবং দুর্যোগ সচেতনতা কার্যক্রম বিঘ্নিত হতে পারে। |
| বিভাগ | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | হেরিং বোন বন্ড রাস্তা | গ্রামীণ এলাকায় টেকসই রাস্তা নির্মাণে সহায়তা প্রদান | গ্রামীণ এলাকায় উন্নত যোগাযোগ ব্যবস্থা সৃষ্টির মাধ্যমে দুর্যোগকালীন সময়ে ক্ষয়ক্ষতি হ্রাস। | জনগণের আস্থা অর্জন বিঘ্নিত হবার আশঙ্কা আছে। |
| মন্ত্রণালয় | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | আয়োজিত মহড়া | বর্ণিত মন্ত্রণালয়ের সাথে সংযুক্ত স্বেচ্ছাসেবকদের দুর্যোগে কাজে লাগানো। | দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে দ্রুত ও সমন্বিত উদ্ধার কাজ পরিচালনা ও আইন শৃঙ্খলা বজায় রাখা। | উদ্ধার কার্যক্রম বিলম্বিত হওয়াসহ আইনশৃঙ্খলা পরিস্থিতি বিঘ্নিত হওয়ার আশঙ্কা আছে। |
| মন্ত্রণালয় | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | আয়োজিত মহড়া | বর্ণিত মন্ত্রণালয়ের সাথে সংযুক্ত স্বেচ্ছাসেবকদের দুর্যোগে কাজে লাগানো। | দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে দ্রুত ও সমন্বিত উদ্ধার কাজ পরিচালনা | উদ্ধার কার্যক্রম বিলম্বিত হওয়ার আশঙ্কা আছে এবং দুর্যোগ সচেতনতা কার্যক্রম বিঘ্নিত হতে পারে। |